



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৭৯/ক/অনু/০৯/৪০৮

তারিখ: ১৫/০১/২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর খিলক্ষেত এলাকায় অবস্থিত 'রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ' অত্র বোর্ডের গত ১১/১২/২০১৮ তারিখের বিজ্ঞপ্তি নং ছাড়পত্র/একাদশ/১৮-১৯/৩৪৮ লংঘন করে টিসি প্রদানে অতিরিক্ত অর্থ আদায় করে চলেছে। যার প্রেক্ষিতে বোর্ড থেকে আপনাকে লিখিতভাবে বোর্ডের বিধি পালন করে টিসি প্রদান করার কথা উল্লেখ করলেও আপনি তা লংঘন করে চলেছেন।

এছাড়া - ১. বোর্ডের পত্র নং ২৩৬/টি.সি/শিক্ষাবর্ষ/২০১১-১২/(একাদশ)২০১২/৯৬৪ তারিখ ১৩/০৫/২০১২

মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ দিলেও দীর্ঘ ০৬(ছয়) বছরেও আপনি তার জবাব প্রদান করেননি।

২. কলেজের পাঠদানের মেয়াদ গত ৩০/০৬/২০১২ তে উত্তীর্ণ হলেও অদ্যাবধি আপনি পাঠদানের মেয়াদ বৃদ্ধির আবেদন না করে অবৈধভাবে কলেজ পরিচালনা করে আসছেন।

৩. সর্বশেষ নির্বাহী কমিটির মেয়াদ গত ০৩/০৭/২০১৩ তারিখে উত্তীর্ণ হলেও আপনি কমিটি বিহীনভাবে কলেজ পরিচালনা করে আসছেন।

৪. বিধি মোতাবেক স্বীকৃতির জন্য আবেদন করেননি।

এমতাবস্থায়, অসংখ্য শিক্ষার্থী এবং অভিভাবকের লিখিত অভিযোগের প্রেক্ষিতে, বোর্ডের নির্দেশসমূহ লংঘন ও বোর্ডের পাঠদানের অনুমতির পত্র নং ২৭৯/ক/অনু:০৯/৪০ তারিখ ০৯/০৯/২০০৯ এর শর্ত নং ১২ মোতাবেক কেন অত্র কলেজের পাঠদানের অনুমতি বাতিল করা হবেনা তার কারণ সুস্পষ্ট ব্যাখ্যাসহ আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে পেশ করার জন্য আপনাকে চূড়ান্তভাবে নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ [EIN: 133736]

বাড়ী নং-৭, রোড-০৩, নিকুঞ্জ-২


খিলক্ষেত, ঢাকা

মেমো নং- ৪০৮(৭)

তারিখ: ১৫/০১/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। জেলা শিক্ষা অফিসার, মিরপুর-১, ঢাকা
- ৫। পি.এস.টু. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সভাপতি, রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ, ঢাকা
- ৭। অফিস কপি



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

